

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৬৯০

80/ অনুমতি প্রার্থনা (ﷺ) পরিচ্ছেদঃ ৩. তিনবার অনুমতি চাইতে হবে

باب مَا جَاءَ فِي الإسْتِئْذَانِ ثَلاَثَةً

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بُنُ وَكِيعٍ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى بْنُ عَبْدِ الأَعْلَى، عَنِ الْجُرَيْرِيِّ، عَنْ أَبِي سَعِيد، قَالَ اسْتَأْذَنَ أَبُو مُوسَى عَلَى عُمَرَ فَقَالَ السَّلاَمُ عَلَيْكُمْ أَأَدْخُلُ قَالَ عُمرُ ثِنْتَانِ . ثُمَّ سَكَتَ سَاعَةً قُقَالَ السَّلاَمُ عَلَيْكُمْ أَأَدْخُلُ قَالَ عُمرُ ثِنْتَانِ . ثُمَّ مَجَعَ فَقَالَ عُمرُ لِلْبَوَّابِ مَا صَنَعَ سَاعَةً فَقَالَ السَّلاَمُ عَلَيْكُمْ أَأَدْخُلُ فَقَالَ عُمرُ ثَلاَتٌ . ثُمَّ رَجَعَ فَقَالَ عُمرُ لِلْبَوَّابِ مَا صَنَعَ قَالَ السَّلاَمُ عَلَيْكُمْ أَأَدْخُلُ فَقَالَ عُمرُ ثَلاَتٌ . ثُمَّ رَجَعَ فَقَالَ عُمرُ لِلْبَوَّابِ مَا صَنَعَ قَالَ السَّلْةَ . قَالَ السَّنَةَ مَنِ اللَّهِ مَعْدَ وَلِاللَّهُ لِلْتَقْوَلُ مُرْمُ لِكُ . قَالَ السَّنَةُ مُ أَعْلَمُ النَّاسِ بِحَدِيثَ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم " الإَسْتِثُنْذَانُ ثَلَاثُ قَالَ عُمْرُ مَا كُنْتُ فَالْرُجُعْ " . فَجَعَلَ الْقَوْمُ يُمَازِحُونَهُ قَالَ أَبُو سَعِيد ثُمَّ رَفَعْتُ رَأُسِي إِلَيْهِ فَقُلْتُ فَمَا أَصَابَكَ فَوْلِ الْمَنْدَ وَلِاللَّهُ فَقَالَ عُمْرُ مَا كُنْتُ عَلَى الْمُنْدِرُ وَلَوْلَ الْمُنْدِرُ وَقِدْ رَوَى هَذَا حَدِيثٌ عَلَى الْمُنْ الْمُنْدِرُ بُنُ مَالِكَ بُنِ قُطُودَ وَقَدْ رَوَى هَذَا حَدِيثٌ أَيْضُا عَنْ أَبِي نَصْرُهَ وَأَبُو نَصْرُهَ الْعُبْدِيُ السَّمُهُ الْمُنْذِرُ بُنُ مَالِكِ بُنِ قُطَعَةَ . .

বাংলা

২৬৯০। আবৃ সাঈদ (রাযিঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আবৃ মূসা (রাযিঃ) উমর (রাযিঃ)-এর নিকট অনুমতি চেয়ে বলেন, আসসালামু আলাইকুম, আমি কি আসতে পারি? উমর (রাযিঃ) বলেন, এক। আবৃ মূসা (রাযিঃ) কিছুক্ষণ চুপ থাকলেন। তিনি আবারও সালাম দিয়ে বলেন, আমি কি ভিতরে আসতে পারি? উমর (রাযিঃ) বলেন, দুই। তারপর আবৃ মূসা (রাযিঃ) অল্প সময় নীরবতা অবলম্বন করলেন। তিনি আবার বললেন, আসসালামু আলাইকুম,



আমি কি আসতে পারি? উমর (রাযিঃ) বললেন, তিন। এবার তিনি চলে যেতে লাগলেন।

উমার (রাযিঃ) প্রহরীকে জিজ্ঞেস করলেন, তিনি কি করছেন? প্রহরী বলল, তিনি চলে গেছেন। তিনি বললেন, তাকে আমার নিকট ফিরিয়ে নিয়ে এসো। তারপর তিনি উমারের সামনে এলে তিনি প্রশ্ন করলেন, আপনি এরকম করলেন কেন? তিনি বললেন, আমি সুন্নাত পালন করেছি। উমর (রাযিঃ) বললেন, সুন্নাত পালন করেছেন? আল্লাহর কসম! এর সপক্ষে আপনাকে দলীল-প্রমাণ উপস্থাপন করতে হবে, তা না হলে আমি আপনার ব্যবস্থা করছি (অর্থাৎ- শাস্তি দিব)।

বর্ণনাকারী বলেন, তারপর তিনি (আবূ মূসা) আমাদের নিকট আসলেন। আমরা কয়জন আনসার বন্ধু একসাথে বসে ছিলাম। তিনি বললেন, হে আনসার সম্প্রদায়! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীস সম্পর্কে কি তোমরা সবার চাইতে বেশি জ্ঞাত নও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি বলেননি যে, তিনবার অনুমতি চাইতে হবে? তারপর তোমাকে অনুমতি দিলে তো দিল, নতুবা ফিরে যাবে। উপস্থিত লোকজন তার সাথে কৌতুক করতে লাগল। আবূ সাঈদ (রাযিঃ) বলেন, এবার আমি মাথা তুলে তার দিকে তাকালাম এবং বললাম, আপনার উপর এ ব্যাপারে কোন শাস্তি হলে আমি আপনার অংশীদার হব। রাবী বলেন, তারপর তিনি উমারের নিকট এসে এ ঘটনা বললেন। উমার (রাযিঃ) বললেন, আমি এ সম্পর্কে জানতাম না।

সহীহঃ বুখারী ও মুসলিম অনুরূপ বর্ণনা করেছেন।

'আলী (রাযিঃ) সা'দ (রাযিঃ)-এর মুক্তদাসী উম্মু তারিক (রাযিঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ। আল-জুরাইরীর নাম সাঈদ ইবনু ইয়াস, উপনাম আবূ মাসউদ। এ হাদীসটি আবূ নাযরা হতে অন্যরাও বর্ণনা করেছেন। আবূ নাযরা আল-আবদীর নাম আল-মুন্যির ইবনু মালিক ইবনু কুতা'আহু।

English

Narrated Abu Sa'eed:

"Abu Musa sought permission to enter upon 'Umar. He said: 'As-Salamu 'Alaykum (Peace be upon you). May I enter?' 'Umar said: 'Once.' Then he was silent for some time. Then he said: 'As-Salamu 'Alaykum (Peace be upon you). May I enter?' 'Umar said: Twice.' Then he was silent for some time. Then he said: 'As-salamu 'Alaykum (Peace be upon you). May I enter?' 'Umar said: 'Three times.' Then he (Abu Musa) left. 'Umar said to the gate-keeper: 'What did he do?' He replied: 'He left." He said: 'Bring him to me.' So when he came, 'Umar said to him: 'What is this that you have done?' He said: 'The Sunnah.' He said: 'The Sunnah? By Allah! You had better bring me proof or a witness to clarify this, or I will do this or that to you.'" He said "So he came to us while we were sitting with Ansar. He said: 'O People of the Ansar! Are you not the most knowledgeable people about the Ahadith of the Messenger



of Allah (**)? Did the Messenger of Allah (**) not say: "Seeking permission is to be done three time. Either you are permitted, or other wise leave?" The people began joking. Abu Sa'eed said: "Then I raised my head toward him and said: "Whatever punishment you are afflicted with because of this, then I shall be your partner in it." So he went to 'Umar to inform him him about it, and 'Umar said: "I did not know about about this."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন